# ৪৫ বছর পর জিয়াউর রহমানের হত্যাকারী দণ্ডপ্রাপ্ত আসামি গ্রেপ্তার



ছবি: সংগৃহীত

শহিদ রাষ্ট্রপতি জিয়াউর রহমান হত্যা মামলায় দণ্ডপ্রাপ্ত এবং দীর্ঘ ৪৫ বছর ধরে পলাতক থাকা মেজর (অব.) মো. মোজাফফর হোসেনকে আটক করেছে ঢাকা মহানগর গোয়েন্দা পুলিশ (ডিবি)।

বৃহস্পতিবার (১৬ জুলাই) রাজধানীর একটি এলাকা থেকে তাকে আটক করা হয় বলে জানিয়েছে ডিবি।

মহানগর গোয়েন্দা পুলিশ জানায়, জিয়াউর রহমান হত্যা মামলায় দণ্ডপ্রাপ্ত মোজাফফর হোসেন দীর্ঘ চার দশকেরও বেশি সময় ধরে পলাতক ছিলেন। গোয়েন্দা তথ্যের ভিত্তিতে অভিযান চালিয়ে তাকে আটক করা হয়।

ডিবি আরও জানায়, আইনানুগ প্রক্রিয়া সম্পন্ন করার পর তাকে বাংলাদেশ সেনাবাহিনীর কাছে হস্তান্তর করা হয়েছে।

LENS ASIA